# যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১৫২

১/ বিবিধ

আরবী

استشفوا بما حمد الله به نفسه قبل أن يحمده خلقه، وبما مدح الله به نفسه: (الحمد لله) ، و (قل هو الله أحد) ، فمن لم يشفه القرآن فلا شفاه الله
ضعيف جدا

رواه أبو محمد الخلال في " فضائل قل هو الله أحد " (198 / 2) حدثنا أحمد بن عروة الكاتب أنبأنا عبد الله بن محمد بن سعيد الجمال حدثنا يزيد بن عمرو بن البراء أبو سفيان الشوف حدثنا أحمد بن الحارث الغساني حدثنا ساكنة بنت الجعد قالت: سمعت رجاء الغنوي يقول: فذكره، رواه الواحدي في " تفسيره " (2 /185/ 2) من طريق آخر عن أحمد بن الحارث الغساني، مقتصرا على الجملة الأخيرة منه
وكذا أخرجه الثعلبي كما في " تخريج أحاديث الكشاف " للحافظ ابن حجر (ص 103 رقم 304)
قلت: وابن الحارث هذا قال ابن أبي حاتم في " الجرح والتعديل " (1 / 1 / 47) : سألت أبي عنه فقال: متروك الحديث، وقال النسائي: منكر الحديث، وقال البخاري والدولابي: فيه نظر، وقال العقيلي: له مناكير لا يتابع عليها، قال: ولا يعرف لرجاء الغنوي رواية، ولا صحت له صحبة
وأورده السيوطي في " الجامع " برواية ابن قانع عن رجاء الغنوي، قال المناوي في شرحه: وقد أشار الذهبي في " تاريخ الصحابة " إلى عدم صحة هذا الخبر فقال في ترجمة رجاء هذا: له صحبة، نزل البصرة، وله حديث لا يصح في فضل القرآن، انتهى

بنصه
وهذا الحديث يوحي بترك المعالجة بالأدوية المادية والاعتماد فيها على تلاوة القرآن وهذا شيء لا يتفق في قليل ولا كثير مع سنته صلى الله عليه وسلم القولية والفعلية، فقد تعالج صلى الله عليه وسلم بالأدوية المادية مرارا، وأمر بذلك فقال: يا عباد الله تداووا فإن الله لم ينزل داء إلا وأنزل له
دواء "، أخرجه الحاكم بسند صحيح، وهو مخرج في " غاية المرام " (292) عن جمع من الصحابة نحوه

বাংলা

১৫২। তোমার সুস্থতা প্রার্থনা কর ঐ বস্তু দ্বারা যার দ্বারা আল্লাহ তার নিজের গুণাবলী বর্ণনা করেছেন সৃষ্টি কর্তৃক তার প্রশংসা করবার পূর্বেই এবং ঐ বস্তু দ্বারা যা দিয়ে আল্লাহ তার নিজের প্রশংসা করেছেন। তথা আলহামদু লিল্লাহ্ ও কুলহু আল্লাহু আহাদ। যে ব্যাক্তিকে কুরআন সুস্থ করতে পারে না, আল্লাহ তাকে শেফা দান করবেন না।

হাদীসটি নিতান্তই দুর্বল।

এটি আবু মুহাম্মাদ আল-খাল্লাল “ফাযায়েল কুল-হু আল্লাহু আহাদ” গ্রন্থে (২/১৯৮) উল্লেখ করেছেন। এছাড়া ওয়াহিদী তার “আত-তাফসীর” গ্রন্থে (২/১৮৫/২) ও সা’লাবী বর্ণনা করেছেন, যেমনভাবে ইবনু হাজার-এর "তাখরীজ আহাদীসিল কাশশাফ" গ্রন্থে (পৃঃ ১০৩ নং ৩০৪) এসেছে। এটির সনদে আহমাদ ইবনুল হারিস আল-গাসসানী নামক এক বর্ণনাকারী আছেন। তার সম্পর্কে ইবনু আবী হাতিম “আল-জারহু ওয়াত-তা’দীল” গ্রন্থে (১/১/৪৭) বলেনঃ আমি আমার পিতাকে তার সম্পর্কে জিজ্ঞাসা করেছিলাম। তিনি বলেনঃ তিনি মাতরূকুল হাদীস। নাসাঈ বলেনঃ তিনি মুনকারুল হাদীস। বুখারী ও দুলাবী বলেনঃ তার সম্পর্কে বিরূপ মন্তব্য রয়েছে। উকায়লী বলেনঃ তার বহু মুনকার রয়েছে। সেগুলোর অনুসরণ করা যায় না।

এছাড়া আরেক বর্ণনাকারী রাজা আল-গানবীর কোন বর্ণনা সম্পর্কে জানা যায় না। সাহাবীর সাথে তার সাক্ষাৎও ঘটেনি। যাহাবী “তারীখুস সাহাবা” গ্রন্থে এ হাদীসটি সহীহ নয় এদিকেই ইঙ্গিত করেছেন।

সহীহ হাদীসের মধ্যে রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ “হে আল্লাহর বান্দারা তোমরা ঔষুধ সেবন কর, কারণ আল্লাহ তা’আলা যে রোগই নাযিল করেছেন তার ঔষুধও নাযিল করেছেন। হাদীসটি সহীত সনদে হাকিম বর্ণনা করেছেন। "গায়াতুল মারাম" গ্রন্থে (২৯২) এটির তাখরীজ করা হয়েছে।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=5413

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন